

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ এপ্রিল, ২০২৪ খ্রি.

নং-২৮.০০.০০০০.০২৬.৩৫.০০১.২৩.৩৩।—বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর আওতাধীন ইন্টার্ন রিফাইনারি লিমিটেড (ইআরএল)-এ ক্রুড অয়েল পরিশোধনকালে উপজাত হিসেবে প্রাপ্ত স্থানীয় ন্যাফথা এবং স্থানীয় বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক (নিজস্ব ব্যবস্থাপনায়/ বিপিসির মাধ্যমে) আমদানিকৃত ন্যাফথা/ কনডেনসেট/ ডিজেল রিচড কনডেনসেট/ ক্রুড অয়েল/ বিটুমিনাস ক্রুড অয়েল হতে উৎপাদিত জেটএ-১-এর মূল্য বিপিসি নিম্নোক্ত ফর্মুলা অনুযায়ী নির্ধারণপূর্বক উদ্যোক্তা/ কোম্পানিকে প্রদান করিবে।

মূল্য নির্ধারণী ফর্মুলা:

(ক) **অভ্যন্তরীণ ফ্লাইটে সরবরাহকৃত জ্বালানির ক্ষেত্রে:**

বিপিসির আমদানিকৃত/ বিএসটিআই কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশনের জেটএ-১ অনুরূপ গুণগত মান বজায় রাখা সাপেক্ষে বিপিসির জেটএ-১ আমদানি ব্যয় অর্থাৎ পূর্ববর্তী মাসে জেটএ-১ এর গড় প্ল্যাটস রেট (MOPAG), জেটএ-১ এর গড় প্রিমিয়াম, আমদানি শুল্ক, নদী শুল্ক, ব্যাংক চার্জ (এলসি কমিশন), ফিন্যান্সিং চার্জ এবং অপারেশন লস এর সমষ্টি থেকে ১% কমে মুসক ব্যতীত জেটএ-১ এর সরবরাহ মূল্য নির্ধারিত হইবে। সরবরাহ মূল্যের সাথে প্রযোজ্য হারে মুসক যোগ করে মুসকসহ জেটএ-১ এর ক্রয়মূল্য নির্ধারিত হইবে। তবে এলসির মাধ্যমে মূল্য পরিশোধের ক্ষেত্রে উক্ত ফর্মুলায় ব্যাংক চার্জ (এলসি কমিশন) প্রযোজ্য হইবে না।

(৪০৯৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) আন্তর্জাতিক ফ্লাইটে সরবরাহকৃত জ্বালানির ক্ষেত্রে:

বিপিসির আমদানিকৃত/ বিএসটিআই কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশনের জেটএ-১ অনুরূপ গুণগত মান বজায় রাখা সাপেক্ষে বিপিসির জেটএ-১ আমদানি ব্যয় অর্থাৎ পূর্ববর্তী মাসে জেটএ-১ এর গড় প্ল্যাটস রেট (MOPAG), জেটএ-১ এর গড় প্রিমিয়াম, নদী শুল্ক, ব্যাংক চার্জ (এলসি কমিশন), ফিনান্সিং চার্জ এবং অপারেশন লস এর সমষ্টি থেকে ১% কমে মূসক ব্যতীত জেটএ-১ এর সরবরাহ মূল্য নির্ধারিত হইবে। আন্তর্জাতিক ফ্লাইটে জেটএ-১ শুল্ক ও ভ্যাট মুক্ত হওয়ায় সরবরাহ মূল্যের সাথে মূসক প্রযোজ্য হইবে না। এলসি'র মাধ্যমে মূল্য পরিশোধের ক্ষেত্রে উক্ত ফর্মুলায় ব্যাংক চার্জ (এলসি কমিশন) প্রযোজ্য হইবে না।

২। প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে উপরোক্ত ফর্মুলা অনুযায়ী জেটএ-১ এর মূল্য পুনর্নির্ধারণক্রমে বিপিসি তা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিবে।

৩। জেটএ-১ ব্যবস্থাপনায় বিপিসি/ বিপণন কোম্পানির অপারেশনাল ফ্লেক্সিবিলিটি (Operational Flexibility), সুবিধা-আসুবিধা ও জেটএ-১ সরবরাহের/ ব্যবহারের ধরন/ প্রকৃতি বিবেচনায় নিয়ে জেটএ-১ এর ক্রয়মূল্য নির্ধারিত হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব।